# ভিক্সিত ভারত ২০৪৭: ভারতের ভবিষ্যতের দিকে যাত্রা

বিকশিত ভারত বা উন্নত ভারত হলো ২০৪৭ সালে স্বাধীনতার শতবর্ষ পূর্তির মধ্যে ভারতে সার্বিক আর্থ-সামাজিক অগ্রগতি সাধনের একটি দূরদর্শী প্রচেষ্টা। এই নিবন্ধটি এই স্বপ্নকে বাস্তবায়নের জটিলতা গুলো তুলে ধরেছে এবং বিভিন্ন ক্ষেত্রের প্রতিবন্ধকতা ও সুযোগগুলো পরীক্ষা করেছে। এই স্বপ্নকে অনুসরন করে ভারতের লক্ষ্য হলো ৩০ ট্রিলিয়ন ডলারের অর্থনীতি অর্জন করা, প্রত্যেক নাগরিকের জন্য জল ও আবাসনের ব্যবস্থা নিশ্চিত করা, কৃষকদের ক্ষমতায়নের জন্য ড্রোন সরবরাহ করা, জন ঔষধি কেন্দ্রের মাধ্যম সাশ্রয়ী মূল্যের ওষুধের সহজলভ্যতা বাড়ানো এবং সবুজ ও টেকসই প্রবৃদ্ধির নীতি বাস্তবায়ন করা। গবেষনালক প্রমান, তাত্ত্বিক অন্তর্দৃষ্টি এবং নীতিগত সুপারিশগুলোকে সমন্বয় করে এইগবেষনাটি জাতি গঠন বিষয়ক পান্ডিত্যপূর্ন আলোচনায় অবদান রাখে। এটি ২০৪৭ এবং তার পরবর্তী সময়ে ভারতের গতি পথ নির্ধারনে প্রতিশ্রুতিবদ্ধ নীতিনির্ধারক, অনুশীলনকারী এবং গবেষকদের জন্য কার্যকরী অন্তদৃষ্টি প্রদান করে।

– প্রিয়াংশু দে
দ্বিতীয় ষান্মাসিক

# আমার প্রিয় মা

আমার প্রিয় মা, তোমায় বলি কথা,
শব্দ কম পড়ে, ভালোবাসা যে যথা।
যেদিন দেখেছি আমি এই ভুবন খানি,
আশার আলো তুমি দিয়েছো আমায় জানি।

হাঁটতে শিখিয়েছো, শিখিয়েছো যত্ন,
তোমার ছায়াতে কেটেছে আমার যতক্ষণ।
ভুল পথে গেলে তুমি ধরেছো হাত;
তুমিই দেখিয়েছো জীবনের সঠিক পথ।

তোমার ভালোবাসা অমূল্য ধন
তোমায় ছাড়া আমার নেই তো জীবন।
তুমি যে সুখ দাও, বলা যায় না ভাষায়,
তোমার আশীর্বাদ থাকুক সব আশায়।

তুমি যা করেছো, তার নেই তো শেষ,
তোমায় ধন্যবাদ জানাই বারবার বিশেষ।

ঈশ্বরের কাছে করি শুধু এই প্রার্থনা,
দীর্ঘ হোক জীবন, থাকো সুখে সারা জীবনটা।

– সুনাই কর

চতুর্থ ষান্মাষিক

# পরিহাস

প্র: ভারতের জাতীয় সঙ্গীত "জন গন মন" কে রচনা করেছেন?

উ: রবীন্দ্রনাথ ঠাকুর।

প্র: "আন্তর্জাতিক যোগ দিবস" কবে পালিত হয়?

উ: ২১ জুন।

প্র: পৃথিবীর সবচেয়ে লম্বা নদী কোনটি?

উ: নীল।

প্র: "ব্রিকস" গোষ্ঠীতে কোন দেশটি নেই?

উ: জাপান।

প্র: "পৃথিবী দিবস" কবে পালিত হয়?

উ: ২২ এপ্রিল।

প্র: ভারতের জাতীয় ফুল কোনটি?

উ: পদ্ম

— ত্রিদীপ পণ্ডিত

ষষ্ঠ ষাণ্মাষিক

# ভাবনা

১. "স্বাধীনতা মানে শুধু শৃঙ্খলমুক্তি নয়, নিজের মর্যাদা নিয়ে বেঁচে থাকা।"

— নেতাজি সুভাষচন্দ্র বসু

২. "জীবনে বড় হতে হলে আগে মানুষ হতে শিখতে হবে।"

— ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

৩. "মানুষের হৃদয়ই তার সবচেয়ে বড় সম্পদ।"

— রবীন্দ্রনাথ ঠাকুর

৪. "অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোই প্রকৃত সাহস।"

- কাজী নজরুল ইসলাম

৫. "সংগ্রাম ছাড়া জীবনের কোনো মূল্য নেই।"

- শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

৬. "জ্ঞান অর্জনেই মানুষের প্রকৃত উন্নতি ঘটায়।"

- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

- পূর্নিমা দে
ষষ্ঠ ষান্মাসিক


ART
Gallery
BRUSHES


15/04/26



"DO YOUR DUTY WITHOUT ATTACHMENT TO RESULT"

– Bhagavad Gita 2.47

"WHAT WE THINK, WE BECOME"

– Bhagavad Gita 6.5

"BE PATIENT IN ADVERSITY AND COURAGEOUS IN THE FACE OF DANGER"


– Lord Hanuman.

जय हनुमान
ज्ञान गुन सागर
जय कपीस
तिहुं लोक उजागर





Disha Borah (B.Sc 6th sem)




Raksha Saha
B.Sc 4th sem